

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স - ৪৪৯০(আগরতলা, ৭।৩)  
কমলপুর, ৭ মার্চ, ২০১৯

### দিব্যাঙ্গন ভোটারদের বিশেষ শিবির অনুষ্ঠিত

‘আমরা দিব্যাঙ্গন, আমরা ভোটার’ এই স্লোগানকে সামনে রেখে সম্প্রতি কমলপুর মহকুমার হালহালি কমিউনিটি হলে এক বিশেষ শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে মহকুমার দিব্যাঙ্গন ভোটারদের প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে শংসাপত্র প্রদানের জন্য নাম নথিভুক্ত করা হয়। শিবিরে মহকুমার ৩০ জন দিব্যাঙ্গন ভোটার নাম নথিভুক্ত করেন। ডি ডি আর সি, ধলাই ও কমলপুর মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে এই শিবির অনুষ্ঠিত হয়। প্রসঙ্গত এই ৩০ জনকে দিব্যাঙ্গন ভোটার রূপে শংসাপত্র দেওয়া হবে। পরবর্তীতে অন্য কেউ নাম নথিভুক্ত করতে চাইলে তাকেও প্রয়োজনীয় স্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে শংসাপত্র দেওয়া হবে বলে মহকুমা প্রশাসন সূত্রে জানানো হয়েছে। শিবিরে উপস্থিত ছিলেন কমলপুরের মহকুমাশাসক সুশান্ত কুমার সরকার।

\*\*\*\*\*